# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**16 APRIL 2026** **7:45—7:55**

---

১) সংসদে আজ নারী শক্তি বন্দন অধিনিয়ম সম্পর্কীত ৩টি গুরুত্বপূর্ণ বিল উত্থাপন । দেশের নীতি প্রণয়ন প্রক্রীয়ার সঙ্গে দেশের ৫০ শতাংশ জনসংখ্যাকে যুক্ত করার ওপর প্রধানমন্ত্রীর গুরুত্ব আরোপ ।

২) আসামের তিনজন সাংসদ সহ দেশের মোট ১৬ জন সাংসদের রাজ্যসভার সদস্য হিসেবে শপথ গ্রহণ ।

৩) চলতি বছরের হজযাত্রা আগামী শনিবার থেকে আরম্ভ ।

এবং

৪) আসামের মৃদুপবন বরুয়া এবং মনিকা দোলের অষ্টম পুরুষ-মহিলা জাতীয় যুব বক্সিং প্রতিযোগিতার কোয়ার্টার ফাইনালে প্রবেশ ।

---------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে দেশের উন্নয়নের যাত্রায় এবং নীতি নির্ধারণের ক্ষেত্রে দেশের নারী শক্তি অনন্য ভূমিকা গ্রহণ করতে পারে । দেশের নীতি নির্ধারণে নারী শক্তির উপযুক্ত প্রতিনিধিত্ব সময়ের আহ্বান বলেও তিনি মন্তব্য করেন । লোকসভায় আজ নারী শক্তি বন্দন অধিনিয়ম বিল নিয়ে আলোচনায় অংশ গ্রহণ করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই মন্তব্য করেন । তিনি দেশের নীতি প্রণয়ন প্রক্রিয়ার সঙ্গে দেশের ৫০ শতাংশ জনসংখ্যাকে যুক্ত করার ওপর গুরুত্ব আরোপ করেন ।

( বাইট - পি এম )

প্রধানমন্ত্রী শ্রী মোদী দেশের গণতন্ত্র শক্তিশালী করতে এবং সব পক্ষকে লাভবান করতে এই বিলের প্রতি সমর্থন জানাতে বিরোধী দলগুলির প্রতি আহ্বান জানান । শ্রী

মোদী বলেন যে এই বিলগুলি আমাদের দেশের গণতন্ত্রকে নতুন দিক নির্দেশনা দেওয়ার সঙ্গে সঙ্গে দেশের ভবিষ্যতের ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করবে । তিনি বলেন যে দেশের অগ্রগতি শুধুমাত্র পরিকাঠামো নির্মান , রেলওয়ে অথবা অর্থনৈতিক উন্নয়নের মধ্যে সীমাবদ্ধ থাকতে পারে না , বরং এই প্রক্রিয়ায় মহিলাদের সমান অংশ গ্রহণের বিষয়টিও অত্যন্ত জরুরী । তিনি বলেন যে সরকার নীতি নির্ধারণের ক্ষেত্রেও সবকা - সাথ , সব-কা-বিকাশের ওপর গুরুত্ব প্রদান
করে আসছে ।

এর আগে কেন্দ্রীয় আইন মন্ত্রী অর্জুন রাম মেঘাওয়াল আজ সংবিধানের ১শো এবং ৩১ নম্বর সংশোধনী বিল - ২০২৬ , এবং সমষ্টির সীমা পুনর নির্ধারণ বিল - ২০২৬ সংসদে উত্থাপন করেন । একই ভাবে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ কেন্দ্রীয় শাসিত অঞ্চল আইন সংশোধনী বিল - ২০২৬ সংসদে বিবেচনার জন্য উত্থাপন করেন
।

বিলগুলি উত্থাপন করে কেন্দ্রীয় আইন মন্ত্রী শ্রী মেঘাওয়াল আজকের দিনটিকে ঐতিহাসিক বলে আখ্যায়িত করেন । তিনি বলেন যে সরকার মহিলাদের রাজনৈতিক ন্যায় প্রদানের জন্য কাজ করছে । একই সঙ্গে তিনি বলেন যে সংবিধানের ১শো এবং ৩১ নম্বর সংশোধনী বিল - ২০২৬ মহিলাদের সমতা নিশ্চিত করবে । ডক্টর বি আর আম্বেদকারের উদ্ধৃতি দিয়ে শ্রী মেঘাওয়াল বলেন যে মহিলাদের প্রগতির মাধ্যমেই একটি সমাজ ব্যবস্থার প্রকৃত প্রগতি প্রস্ফুটিত হয় । মহিলাদের জন্য ৩৩ শতাংশ আসন সংরক্ষণের এটিই উপযুক্ত সময় বলে তিনি মন্তব্য করেন । শ্রী মেঘাওয়াল বলেন যে নরেন্দ্র মোদী সরকার মহিলাদের আর্থ-সামাজিক উন্নয়নের জন্য কয়েকটি উল্লেখযোগ্য প্রকল্প বাস্তবায়িত করেছে । প্রসঙ্গত তিনি মুদ্রা যোজনা , লাখপতি দিদি এবং সুকন্যা সমৃদ্ধি যোজনার মত প্রকল্প সমূহের উদাহরণ দেন ।

বিরোধী দলগুলির পক্ষে বিলগুলি নিয়ে আলোচনার সূত্রপাত করে সাংসদ গৌরব গগৈ বলেন যে তার দল মহিলাদের জন্য যদিও আসন সংরক্ষণের পক্ষে তবে এই প্রক্রিয়াকে যথেষ্ট সহজ ও সরল করে তুলতে হবে এবং এই আসন সংরক্ষণের বিষয়টির সঙ্গে সমষ্টি পুনর নির্ধারণের বিষয়টিকে যুক্ত করা উচিৎ হবে না । লোকসভায় বর্তমানের ৫শো ৪৩টি আসনের ভিত্তিতেই এই সংরক্ষণ ব্যবস্থা নিশ্চিত করতে তিনি দাবী জানান । সরকার মহিলা সংরক্ষণ বিলটি বাস্তবায়িত করার ক্ষেত্রে অযথা বিলম্ব করছে বলেও মন্তব্য করে তিনি বিলটি দ্রুত রূপায়িত করার দাবী জানান । শ্রী গগৈ বলেন যে কংগ্রেস সর্বদা মহিলা সংরক্ষণ বিল সমর্থন করে আসছে । তিনি আরো

বলেন যে কংগ্রেস নেত্রী সোনীয়া গান্ধী মহিলাদের জন্য আসন সংরক্ষণের পোষকতা করে ইতিমধ্যেই সংসদে অনুরূপ দাবী উত্থাপন করেছেন ।

---------------------------------------------------------------------------------------

আসামের তিনজন নবনির্বাচিত সাংসদ সহ দেশের ১৬ জন সাংসদ আজ রাজ্যসভার সদস্য হিসেবে শপথ গ্রহণ করেছেন । রাজ্যসভার সভাপতি সিপি রাধাকৃষ্ণন আজ নব নির্বাচিত সদস্যদের শপথবাক্য পাঠ করান । শপথ গ্রহণ করা সদস্যদের মধ্যে আসামের মাহমরার প্রাক্তন বিধায়ক যোগেন মোহন পরম্পরাগত পোষাক পরে রাজ্যসভার সাংসদ হিসেবে শপথ গ্রহণ করেন ।ইউ পি পি এলের নেতা প্রমোদ বড়ো বড়ো ভাষায় শপথ গ্রহণ করেন । তেরস গোয়ালা অসমীয়া ভাষায় রাজ্যসভার সাংসদ হিসেবে শপথ গ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------------------

দেশে লোকগণনা ২০২৭ এর কাজ অব্যাহত রয়েছে ।লোকগণনার প্রথম পর্যায়ে আজ থেকে মিজোরাম ও সিকিম সহ আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ , গোয়া , কর্ণাটক , লাক্ষাদ্বীপ , ওড়িশা এবং রাজধানী দিল্লির নতুনদিল্লী পৌরনিগম ও দিল্লী কেন্টনমেন্ট পর্ষদের অধীনের বিভিন্ন স্থানে তালিকা প্রস্তুত করার কাজ শুরু হয়েছে । আগামী ১৫ ই মে পর্যন্ত চলা এই প্রক্রিয়ায় প্রশিক্ষিত গণনাকারীরা ঘরে ঘরে গিয়ে তথ্য সংগ্রহ করবেন ।

মিজোরামের রাজ্যপাল বিজয় কুমার সিং আজ মিজোরামে লোক গণনার প্রথম পর্যায়ে ঘরের তালিকা প্রস্তুতের কাজের সূচনা করেন ।একটি ঘড় ও যাতে তালিকা থেকে বাদ না পড়ে তার জন্য তিনি গণনাকারীদের নিষ্ঠা সহকারে কাজ করে যাওয়ার আহ্বান জানান । রাজ্যপাল শ্রী সিং গণনাকারীদের সবধরণের সহযোগিতা করতে জনসাধারণের প্রতি আহ্বান জানান ।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রনালয় জানিয়েছে যে এবারের লোকগণনায় প্রথমবারের মতো প্রবর্তন করা স্ব-গণনা প্রক্রিয়ার প্রতি জনসাধারণের মধ্যে ব্যাপক উৎসাহ পরিলক্ষিত হচ্ছে ।এই বিকল্প ব্যবস্থার অধীনে প্রায় ১২ লক্ষ পরিবার অনলাইন ব্যবস্থার মাধ্যমে তথ্য দাখিল করেছে । লোকগণনার সমগ্র প্রক্রিয়ায় ৩০ লক্ষেরও বেশী গণনা কর্মী , পর্যবেক্ষক , এবং অন্যান্য আধিকারীক নিয়োগ করা হয়েছে । জনসাধারণ ১৬ টি ভাষায় তথ্য জমা দিতে পারবেন । লোকগণনার দ্বিতীয় পর্যায় আগামী বছর ফেব্রুয়ারী মাসে অনুষ্ঠিত হবে । এই পর্যায়ে বয়স ,লিঙ্গ ,বৃত্তি , স্বাক্ষরতা এবং জাতিগত তথ্য সহ ব্যক্তিগত তথ্য সংগ্রহ করা হবে ।

---------------------------------------------------------------------------------------

চলতি বছরের হজযাত্রা আগামী শনিবার থেকে শুরু হবে বলে উত্তর-পূর্ব হজযাত্রা অর্ভ্যথনা সমিতির পক্ষ থেকে ঘোষনা করা হয়েছে । অসম সহ উত্তর-পূর্বাঞ্চলের দু হাজার ৫শ ৬৯ জন হজ যাত্রী হজের জন্য যাত্রা করবেন । এরমধ্যে এক হাজার ৭শ ৬৩ জন পুরুষ ও ৮শ ৬ জন মহিলা যাত্রী রয়েছেন । অর্ভ্যথনা সমিতির সভাপতি নেকিবুর জামান গুয়াহাটীতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জানান যে ১৮ই এপ্রিল থেকে ২১শে এপ্রিল পর্য্যন্ত পর্য্যায়ক্রমে এই সব যাত্রীরা মক্কা ও মদিনা যাবেন । হজযাত্রীদের মধ্যে ৬৬৮ জন কলকাতা থেকে , ২১৮ জন মুম্বাই থেকে , ২৮ জন দিল্লী থেকে , ৮ জন ব্যাঙ্গালুরু থেকে , দু জন লক্ষনৌ , একজন হায়দরাবাদ থেকে এবং বাকী যাত্রীরা গুয়াহাটী বিমান বন্দর থেকে যাত্রা করবেন । হজ যাত্রীদের মঙ্গল কামনায় আগামীকাল সন্ধ্যায় গুয়াহাটীর মুছাফিরখানায় প্রার্থনার আয়োজন কা হয়েছে বলে সভাপতি জানিয়েছেন । তিনি আরো জানান------

বাইট

------------------------------------------------------------------------------------

আসামের মৃদুপবন বরুয়া এবং মণিকা দোলে সোণাপুরে আয়োজিত অষ্টম পুরুষ - মহিলা জাতীয় যুব বক্সিং প্রতিযোগিতার কোয়ার্টার ফাইনালে প্রবেশ করেছে । মৃদুপবন আজ পুরুষের ৭৫ কিলোগ্রাম শাখার প্রি-কোয়ার্টার ফাইনালে মিজোরামের প্রতিদ্বন্দকে ৪-১ এ পরাজিত করেছে ।অনুরূপভাবে মণিকা মহিলাদের ৪৮ কিলোগ্রাম প্রি-কোয়ার্টার ফাইনালে তামিলনাড়ুর বক্সারকে পরাজিত করে কোয়ার্টার ফাইনালে স্থান নিশ্চিত করেছে । আজ রাতে অনুষ্ঠেয় প্রি-কোয়ার্টার ফাইনালের খেলায় আসামের আরও চারজন খেলোয়াড় অবতীর্ণ হবে ।

------------------------------------------------------------------------------------

হাইলাকান্দির জেলা আয়ুক্তের ব্যাক্তিগত সহকারী বিলাল আহমেদ লস্কর আজ শেষ নি:শ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৫৮ বছর । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে সম্প্রতি অ্যাপেন্ডিক্স অপারেশনের পর থেকেই তিনি শারীরিক জটিলতায় ভুগছিলেন । আজ হঠাৎ পেটে ব্যাথা অনুভব করলে তাকে শিলচর থেকে গুয়াহাটী নিয়ে যাওয়ার পথে শেষ নি:শ্বাস ত্যাগ করেন । জেলা আয়ুক্ত অভিষেক জৈন , বিলাল আহমেদ লস্করের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ।

------------------------------------------------------------------------------------

আসাম মাইনরিটি স্টুডেন্টস ইউনিয়ন, আমসু-র আছিমগঞ্জ- পাথারকান্দি আঞ্চলিক কমিটির পক্ষ থেকে চলতি বছরের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ৭৫ শতাংশের

বেশী নম্বর পাওয়া ছাত্র-ছাত্রীদের আগামী ২৫শে এপ্রিল সংবর্ধনা জানানো হবে । সংগঠনের পক্ষ থেকে আগামী ২২শে এপ্রিলের মধ্যে শিক্ষার্থীদের নাম নথিভুক্ত করতে অনুরোধ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অব বদরপুর গ্রেটারের ব্যবস্থাপনায় আগামী ২০ এপ্রিল কাতিরাইলের মধুরপুর কালিবাড়ী মোহনপুর দ্বিতীয় খন্ডে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

---------------------------------------------------------------------------------